বি ইউ বি টি

# শিক্ষার্থী নির্দেশিকা

[প্রকাশনের তারিখ: ০১ জানুয়ারী ২০২৪]


## বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি

প্লট নং ৭৭-৭৮, মেইন রোড, রূপনগর, মিরপুর ২, ঢাকা ১২১৬, বাংলাদেশ

পিএবিএক্স ০২-৪৮০৩৬৩৫১-৩, এ্যাডমিশন হটলাইন: ০১৮১০-০৩৩৭৩৩

BUBT Female Students' Hostel: 01810 033707/01770 432656

info@bubt.edu.bd, facebook.com/BUBTOfficial

One Stop Service: 01810 033740

ওয়েবসাইটঃ www.bubt.edu.bd

# শিক্ষার্থী নির্দেশিকা

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | বিইউবিটি এর পরিচিতি | ১-২ |
| ২। | নিয়মানুবর্তিতা/শৃঙ্খলা (Discipline) সম্পর্কিত সাধারণ নির্দেশনা | ৩-৫ |
| ৩। | বিইউবিটি সেন্ট্রাল লাইব্রেরী, ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস এবং মেডিকেল সেন্টার | ৬ |
| ৪। | স্টুডেন্ট এ্যাফেয়ার্স সংক্রান্ত তথ্যাবলী | ৭-৮ |
| ৫। | সেমিস্টার ব্যবস্থা, পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি | ৯-১১ |
| ৬। | শিক্ষার্থীদের জন্য ফি প্রদান সম্পর্কীয় নির্দেশনাবলী | ১২ |

# শিক্ষার্থী নির্দেশিকা

## শিক্ষার্থীদের জন্য শৃঙ্খলা ও শিক্ষাবিষয়ক সাধারণ নির্দেশনা

### বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি)

### বিইউবিটি এর পরিচিতি

**অন্যতম এক বেসরকারী বিশ্ববিদ্যালয়**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ অনুযায়ী ২০০৩ সালে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি (বিইউবিটি) প্রতিষ্ঠা লাভ করে। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠালগ্ন হতেই গুণগত শিক্ষা প্রদান করে আসছে। বর্তমানে বিইউবিটি দেশের শীর্ষস্থানীয় বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অন্যতম। বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর সকল শর্ত পুরণ করা ছাড়াও বিইউবিটিতে শিক্ষার মান, গবেষণা সুবিধা, স্বচ্ছ পরীক্ষা পদ্ধতি, বিশ্বমানের শিক্ষা কর্মসূচি, প্রয়োজনীয় ভৌত অবকাঠামো, ও সহশিক্ষা কার্যক্রম, অত্যাধুনিক ল্যাব ও লাইব্রেরি সুবিধা এবং অত্যন্ত সুশৃঙ্খল শিক্ষার পরিবেশ বিশেষভাবে উল্লেখযোগ্য।

**বিইউবিটি ভিশন (Vision of BUBT)**

মানসম্পন্ন শিক্ষা, উদ্ভাবন ও গবেষণার ক্ষেত্রে নেতৃত্বস্থানীয় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিইউবিটিকে গড়ে তোলা।

**বিইউবিটি মিশন (Mission of BUBT)**

উৎকৃষ্ট ও উদ্ভাবনী শিক্ষা পদ্ধতি ব্যবহার করে স্বল্প ব্যয়ে মানসম্পন্ন শিক্ষা প্রদানের মাধ্যমে বিইউবিটি এর স্নাতকদেরকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করা।

**উদ্দেশ্য (Goals)**

বিইউবিটি এর মুখ্য উদ্দেশ্য হল, শিক্ষার্থীদেরকে অতি দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করা যাতে করে তারা উদ্দ্যোক্তা, শিক্ষাবিদ, পেশাদার, প্রশাসক ইত্যাদি হিসেবে জাতীয় উন্নয়নে সক্রিয় অবদান রাখতে পারে।

বিইউবিটি সামগ্রিক কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নলিখিত উদ্দেশ্য গুলো পূরণে বদ্ধপরিকর:

(১) বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা প্রদানের জন্য একটি উৎকৃষ্ট শিক্ষা ব্যবস্থা বজায় রাখা।

(২) শিক্ষার্থীদের চিন্তায়, কর্মে ও অনুশীলনে নৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক মূল্যবোধ সৃষ্টির প্রচেষ্টা অব্যাহত রাখা ও অনুপ্রেরণা প্রদান করা যাতে করে তারা উক্ত গুণসমূহ ব্যক্তিগত ও জাতীয় জীবনে অনুসরণ করতে পারে।

(৩) শিক্ষার্থীদের জন্য একটি আদর্শ ও উন্নত সমাজ গঠনের জন্য প্রয়োজনীয় উচ্চতর শিক্ষা ও গবেষণা কেন্দ্র পরিচালনা করা।

(৪) আধুনিক বিশ্বের জটিল বিষয়সমূহের উপলব্ধির জন্য শিক্ষার্থীদের মধ্যে প্রয়োজনীয় জ্ঞান ও ধীশক্তি বৃদ্ধিতে সক্রিয় সহযোগিতা প্রদান করা যাতে করে তারা সমাজের সমস্যাগুলোর সহজ সমাধান করতে সক্ষম হয়।

## ভৌগলিক অবস্থান

বিইউবিটির স্থায়ী ক্যাম্পাস মিরপুর-২ এ রুপনগর এলাকায় অবস্থিত। চারটি সুপরিসর ভবনে (বিল্ডিং ১, বিল্ডিং ২, বিল্ডিং ৩ ও বিল্ডিং ৪) উৎকৃষ্ট শিক্ষার পরিবেশে বিইউবিটি এর শিক্ষা কার্যক্রম অব্যাহত রেখেছে। উল্লেখ্য যে, ক্লাস রুটিনে বিল্ডিং ও কক্ষ নং উল্লেখ থাকে। ক্যাম্পাসের চার পাশে অনেক স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান অবস্থিত। অতি প্রশস্থ, নতুন ও প্রধান রাস্তার পাশে এর অবস্থান হওয়ায় সড়ক পথে যে কোন মাধ্যমেই ঢাকা শহরের সব এলাকা থেকে ও ঢাকার বাহির হতে খুব সহজে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৌঁছা যায়।

## BUBT Sports Complex

বিইউবিটি ক্যাম্পাসের অদূরে তুরাগ নদীর বেড়িবাঁধের পূর্ব পার্শ্বে গোড়ান চটবাড়ি (নদী গবেষণা ইনস্টিটিউট সংলগ্ন) এলাকায় বিশ্ববিদ্যালয়ের ২৫ বিঘা জমি রয়েছে। এই জমিতে তৈরী করা হয়েছে অত্যাধুনিক ক্রিকেট ও ফুটবল খেলার মাঠ যা BUBT Sports Complex নামে পরিচিত। বিশ্ববিদ্যালয়ের মাস্টার প্লান অনুযায়ী ভবিষ্যতে এ জমিতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবন নির্মাণ করে আধুনিক শিক্ষা সম্প্রসারিত হবে।

## আন্তর্জাতিক স্বীকৃতি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সুপারিশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ২০০৩ সালে বিইউবিটি'র অনুমোদন প্রদান করে। স্থায়ী ক্যাম্পাস, বিভিন্ন ভৌত কাঠামো ও উন্নত শিক্ষার মান ধারণের জন্য শীর্ষ পদে থাকা বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বিইউবিটি অন্যতম। বিশ্বের অনেক স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের সংগে বিইউবিটি'র একাডেমিক সহযোগিতা (কোলাবোরেশন) ও ক্রেডিট ট্রান্সফার এর ব্যবস্থা আছে। বিইউবিটি "এসোসিয়েশন অব কমনওয়েল্থ ইউনিভার্সিটিজ", "ইন্টারন্যানাল এসোসিয়েশন অব ইউনিভার্সিটিজ" এবং "এসোসিয়েশন অব ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট ইনস্টিটিউশনস্ ইন সাউথ এশিয়া" এর গর্বিত সদস্য। অষ্ট্রেলিয়ার Central Queensland University, যুক্তরাষ্ট্রের Herzing University এবং থাইল্যান্ডের Kasem Bundit University এর সঙ্গে পিএইচ.ডি প্রোগ্রামের জন্য বিইউবিটি'র সমঝোতা স্মারক (Mamoranrun of Understanding) রয়েছে।

# নিয়মানুবর্তিতা ও শৃঙ্খলা (Discipline) সম্পর্কিত সাধারণ নির্দেশনা

## ভূমিকা

প্রিয় শিক্ষার্থী, নতুন জীবনের আলোক শিখায়, জ্ঞানের বিশাল চত্বরে তুমি পা বাড়িয়েছ লক্ষ আলোর দিগন্তের দিকে শুরু হোক তোমার অভিযাত্রা। আলোকিত মানুষ হবার পথে তোমার যাত্রা সফল হোক। এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়টিতে তুমি ভর্তি হবার সুযোগ পেয়েছো, তুমি তাই আজ থেকে বিইউবিটি পরিবারের একজন গর্বিত সদস্য, Ambassador, প্রতিনিধি। তোমার সাফল্য ও বিশ্ববিদ্যালয়ের সাফল্য তাই এক সূত্রে গাঁথা।

প্রিয় শিক্ষার্থী, এখন থেকে তোমাকে ইংরেজি মাধ্যমে পড়াশোনার পাশাপাশি বিইউবিটি এর অনেকগুলো গুরুত্বপূর্ণ বিয়য় মেনে চলতে হবে। চার বছরের শিক্ষা জীবনে প্রতিটি কোর্সের ফলাফল পুরো সেমিস্টার জুড়ে বিভিন্ন কুইজ, ক্লাস টেস্ট, হোমওয়ার্ক, টার্ম পেপার, মৌখিক পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, মিড-টার্ম ও সেমিস্টার ফাইনাল এর মাধ্যমে যাচাই করা হবে। কুইজ এবং ক্লাস টেস্ট পূর্ব ঘোষণা অনুসারে অথবা পূর্ব ঘোষণা ছাড়াও হতে পারে, যা কোর্স শিক্ষকের উপর নির্ভর করে। তাই তোমাকে সেমিস্টারের শুরু থেকেই পড়ালেখার বিষয়ে সক্রিয় এবং সচেতন থাকতে হবে। নিয়মিত ক্লাসে উপস্থিত থাকা, শিক্ষকদের লেক্চার শোনা, পরীক্ষায় অংশগ্রহণ করা হবে তোমার প্রাত্যহিক কাজ। বিইউবিটি'র বিভিন্ন শিক্ষা সহায়ক ক্লাবের সদস্য হয়ে সহশিক্ষা ও শিক্ষা বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে শানিত করবে তোমার ব্যক্তিত্ব ও নেতৃত্ব। এর ব্যতিক্রম হলেই কাঙ্খিত ফলাফল অর্জন করা সম্ভব হবে না।

## নিয়মানুবর্তিতা ও শৃঙ্খলা সম্পর্কিত সাধারণ নির্দেশনাবলী:

(১) আইডি কার্ড গলায় ঝুলিয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে হবে এবং ক্যাম্পাসে অবস্থানকালীন সময়ে আইডি কার্ড গলায় ঝুলিয়ে রাখা বাধ্যতামূলক। মনে রাখতে হবে, "*NO ID, NO ENTRY*"।

(২) আইডি কার্ড হারিয়ে গেলে থানায় জিডি এন্ট্রি করতে হবে এবং জিডির কপি ও প্রয়োজনীয় ফি BUBT Reception এ জমা দিয়ে নতুন আইডি কার্ড সংগ্রহ করতে হবে। নতুন আইডি কার্ড না পাওয়া পর্যন্ত উক্ত জিডির কপি প্রদর্শন করে ক্যাম্পাসে প্রবেশ করা যাবে।

(৩) সামাজিক ও ব্যক্তিগত সুরক্ষার জন্য সকল শিক্ষার্থীদেরকে বাসা থেকে রওয়ানা হওয়া থেকে শুরু করে বাসায় ফিরে যাওয়া পর্যন্ত এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থানের সময় আইডি কার্ড গলায় পরে থাকতে হবে।

(৪) বিইউবিটি ক্যাম্পাস ধূমপান ও মাদক মুক্ত। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বা প্রাঙ্গনে কোন স্থানে কোন শিক্ষার্থীকে ধূমপান বা মাদক সেবন অবস্থায় পাওয়া গেলে সঙ্গে সঙ্গে Discipline Committee (শৃঙ্খলা কমিটি) এর সুপারিশক্রমে নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং বিশেষ ক্ষেত্রে Studentship বাতিল হতে পারে।

(৫) বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন কোন শিক্ষার্থী যদি মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ বা রাষ্ট্রবিরোধী কোন কার্যকলাপ বা র‍্যাগিং এ জড়িত আছে বলে প্রমাণিত হয় তবে সঙ্গে সঙ্গে Anti-Drug Committee বা Anti-Terrorism and Anti-Militancy Cell বা Anti-Ragging Committee এর তদন্ত সাপেক্ষে এবং Discipline Committee এর সুপারিশক্রমে নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। বিশেষ ক্ষেত্রে Studentship বাতিল হতে পারে এবং অপরাধ গুরুতর হলে প্রয়োজনে তাকে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে সোপর্দ করা হবে।

(৬) কোন শিক্ষার্থীকে নৈতিক স্খলনজনিত কোন কার্যক্রমে যুক্ত থাকা প্রমাণিত হলে Discipline Committee এর সুপারিশ অনুযায়ী কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৭) কোন শিক্ষার্থী কারো সঙ্গে সংঘর্ষে লিপ্ত হলে বা কাউকে ক্যাম্পাসের ভেতরে বা বাইরে উত্ত্যক্ত করলে, হুমকি দিলে, বিশেষ করে ছাত্রীদের ব্যাপারে বিষয়টি ঘটলে বিশ্ববিদ্যালয়ের Complaint Committee related to Sexual Harrasement এর তদন্ত সাপেক্ষে Discipline Committee এর সুপারিশক্রমে নিয়মানুযায়ী শাস্তির ব্যবস্থা করা হবে। অপরাধ গুরুতর হলে Studentship বাতিল করা হবে।

(৮) বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক কর্মকান্ড সম্পূর্ণরুপে নিষিদ্ধ। কোন শিক্ষার্থীকে ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ডে যুক্ত পাওয়া গেলে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গের দায়ে নিয়মানুযায়ী তার বিরূদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৯) শালীন ও মার্জিত পোষাক পরিধান করে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে। অতিরিক্ত আঁটসাট জামা, থ্রি-কোয়ার্টার প্যান্ট এবং আমাদের দেশে প্রচলিত সামাজিক মূল্যবোধের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন পোষাক পরিধান করে ক্যাম্পাসে প্রবেশ করা যাবে না।

(১০) সামাজিক যোগাযোগ মাধ্যম, যেমন ফেসবুক, টুইটার, ইত্যাদি ব্যবহার করার ক্ষেত্রে সকল প্রকার অশোভন ভাষার ব্যবহার এবং উগ্র ও অশ্লীল বিষয়াদি থেকে নিজেকে দূরে রাখতে হবে। কারো সম্মানহানী করা, বিশ্ববিদ্যালয় বা রাষ্ট্রবিরোধী কোন প্রকার প্রচার-প্রচারণার কর্মকান্ডে কোন ভাবেই অংশগ্রহণ করা যাবে না। জঙ্গীবাদকে উস্‌কে দেয় এমন কোন কিছুর সঙ্গে জড়ানো যাবে না।

(১১) সাইবার অপরাধ বর্তমানে একটি গুরুতর অপরাধ হিসেবে বিবেচিত। মোবাইল বা অন্য কোন মাধ্যমে ব্যক্তিগত পরিচিতি, ছবি, কন্টাক্ট লিস্ট, ইত্যাদি শেয়ার করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে যাতে করে কোন প্রকার বিপদের সম্মুখীন হতে না হয়। Cyber Security Act 2023 এর বিভিন্ন ধারা অনুযায়ী বিভিন্ন ক্ষেত্রে ভিন্ন ভিন্ন শাস্তি ও জরিমানা বা উভয় প্রকার শাস্তির কথা উল্লেখ আছে। যেমন, কোন ব্যক্তি ইলেকট্রনিক মাধ্যমে এমন কোন তথ্য প্রকাশ করলে যদি তা কোন ব্যক্তির বা প্রতিষ্ঠানের মানহানির কারণ হয় তবে উক্ত ব্যক্তি ০৩ (তিন) বছরের কারাদন্ডে বা ০৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হতে পারে।

(১২) যুক্তিসঙ্গত কারণ ও তা অবহিত করা ব্যতিরেকে দীর্ঘ সময়ের জন্য (৬ দিন বা এর বেশী) শিক্ষার্থীদের ক্লাসে অনুপস্থিতি অস্বাভাবিক আচরণ বলে পরিগণিত হবে এবং প্রয়োজনে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি Discipline Committee তে জানানো হবে। সরকারের নির্দেশনা অনুযায়ী অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা নিকটস্থ থানায় প্রদান করা হয়। তবে অসুস্থতা বা অন্য কোন যোক্তিক কারণ থাকলে সেটি সংশ্লিষ্ট শিক্ষক বা বিভাগীয় প্রধানকে অবশ্যই জানাতে হবে।

(১৩) শিক্ষার্থীদের জন্য ভবন ২ এর উত্তরে সিকিউরিটি গার্ড কর্তৃক নিয়ন্ত্রিত ও সিসিটিভি ক্যামেরার আওতায় একটি পার্কিং এলাকা আছে। আইডি কার্ড প্রদর্শনপূর্বক সকল শিক্ষার্থীগণ পার্কিং এলাকায় মোটরবাইক ও বাইসাইকেল রাখতে পারবে। ব্যক্তিগত তালা/চাবি ব্যবহার করে মোটরবাইক, হেলমেট ও বাইসাইকেলের নিরাপত্তা নিশ্চিত করাসহ পার্কিং এলাকার নিয়ম মেনে চলার জন্য শিক্ষার্থীদেরকে নির্দেশ দেয়া হল।

(১৪) শিক্ষার্থীদেরকে বিইউবিটির Rules and Regulations সমুহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হল। নিয়ম বহির্ভূত কোন প্রকার কাজে সংশ্লিষ্টতা Studentship বাতিলের কারণ হতে পারে। ভবিষ্যতে কোন প্রকার জটিলতা তৈরি না হওয়ার জন্য শিক্ষার্থীদের মাধ্যমে তাদের পিতামাতা/অভিভাবকগণকে বিইউবিটির Rules and Regulations সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার জন্য অনুরোধ করা হল।

(১৫) কোনভাবেই প্রতিবাদের নামে কোন রকম উচ্ছৃঙ্খল আচরণ করে বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা ভঙ্গ করা যাবে না। এমনকি কোন সামাজিক মাধ্যম ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হয়, এমন কিছু লেখালেখি করা যাবে না। এরুপ কার্যকলাপ অমার্জনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

(১৬) বিশ্ববিদ্যালয় ভবনের দেয়ালে, ক্লাস বা ওয়াস রুমে কোন প্রকার লেখা যাবে না, কোন প্রকার ছবি আঁকা যাবে না, কোন প্রকার পোস্টার/দেয়ালিকা সাঁটা যাবে না এবং কোন ভাবেই বিশ্ববিদ্যালয়ের কোন সম্পদ বিনষ্ট করা যাবে না। এসব বিষয়ে অভিযোগ পাওয়া গেলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৭) বিশ্ববিদ্যালয়ের কোন স্টাফের সঙ্গে দুর্ব্যবহার করা যাবেনা। "টাকা দিয়ে পড়তে এসেছি, আমি কারো পরোয়া করি না" এমন মনোভাব ত্যাগ করে বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন মেনে অধ্যয়ন করতে হবে। ভদ্র ও মার্জিত আচরণ চারিত্রিক দৃঢ়তাকে কোন ভাবে ক্ষুণ্ন করে না, বরং আকর্ষণীয় ব্যক্তিত্বেরই বহিঃপ্রকাশ ঘটায়।

(১৮) সকল শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকার সঙ্গে ভদ্র ও মার্জিত আচরণ করতে হবে।

(১৯) শ্রেণীকক্ষে বা করিডোরে কোন ক্রমেই হৈচৈ বা হট্টগোল করা যাবে না। এতে অন্য ক্লাসে পাঠদানে বিঘ্ন ঘটে।

(২০) লাইব্রেরির অভ্যন্তরে শব্দ করে পড়া, গল্প, আলাপ আলোচনা ইত্যাদি গর্হিত আচরণ বলে বিবেচিত হবে।

(২১) ক্লাস চলাকালীন সময়ে অকারণে শ্রেণীকক্ষের বাইরে ঘোরাফেরা করা যাবে না। পর পর ক্লাস থাকলে বিরতির সময়ে শ্রেণীকক্ষের ভিতর অবস্থান করতে হবে। দীর্ঘ বিরতির সময় লাইব্রেরিতে পড়াশোনা করা বা ক্যাফেটেরিয়ায় খেলাধুলা করা যেতে পারে।

(২২) Sports items ব্যবহারের ক্ষেত্রে দায়িত্ব প্রাপ্ত স্টাফের নিকট আইডি কার্ড জমা প্রদান পূর্বক Sports items গ্রহণ করতে হবে এবং সবাইকে খেলার সুযোগ প্রদান করতে হবে। কোন ক্রমেই হট্টগোল করা যাবে না। খেলার সামগ্রী যত্নসহকারে ব্যবহার করতে হবে। Sports Club এর সদস্য হয়ে বিভিন্ন খেলায় অংশগ্রহণ করবে।

(২৩) শিক্ষার্থীদেরকে ভাল ফলাফল ও সুশিক্ষা অর্জনের লক্ষে মাদক, জঙ্গীতৎপড়তা, ধুমপান, আড্ডা ইত্যাদি তৎপড়তা পরিলক্ষিত হয় এমন মেসসমুহ পরিহার করার জন্য এবং মেসসমুহে বিইউবিটির শিক্ষার্থীদের সঙ্গে থাকার জন্য পরামর্শ দেয়া হল।

(২৪) যেহেতু শিক্ষার্থীরাই বিশ্ববিদ্যালয়ের অপরিহার্য অঙ্গ, তাই শিক্ষার্থীদের অভিযোগ সর্ম্পকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিইউবিটি'তে সুনির্দিষ্ট কর্তৃপক্ষ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী বা অন্য কারো কাছ থেকে কোন ভাবে কোন শিক্ষার্থী নিগৃহীত হলে যাঁদের কাছে অভিযোগ করা যাবে তাঁরা হলেনঃ (১) ইনটেক ইনচার্জ/এ্যাডভাইজার (শিক্ষক), (২) বিভাগীয় চেয়ারম্যান, (৩) অনুষদের ডীন, (৪) রেজিস্ট্রার এবং (৫) প্রক্টর/সহকারী প্রক্টর।

# বিইউবিটি সেন্ট্রাল লাইব্রেরি, ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস এবং মেডিকেল সেন্টার

## সেন্ট্রাল লাইব্রেরি

বিইউবিটি এর বিল্ডিং ৩ এ রয়েছে একটি অত্যাধুনিক লাইব্রেরি (৩য় তলা) এবং ৪টি রিডিং রুম (৪র্থ তলা)। লাইব্রেরিতে প্রায় ৩০,০০০ এর অধিক বই সহ বিভিন্ন ধরনের জার্নাল ও অন্যান্য ট্রেনিং মেটেরিয়াল রয়েছে। শিক্ষার্থীগণ প্রতি সপ্তাহের জন্য ২টি বই ধারে গ্রহণ করতে পারবে, যা পরবর্তী ১ সপ্তাহের জন্য নবায়নযোগ্য। লাইব্রেরি প্রতিদিন সকাল ৯ ঘটিকা হতে রাত ১০ ঘটিকা পর্যন্ত, শুক্রবার সকাল ৯ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা ও বিকাল ২:৩০ ঘটিকা রাত ১০ ঘটিকা এবং শনিবার দুপুর ২ ঘটিকা হতে রাত ১০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে।

## ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস

বিইউবিটি এর ক্যারিয়ার গাইডেন্স ও কাউন্সিলিং অফিস শিক্ষার্থীদের কোর্স সমাপ্তির পর ইন্টার্নশীপের ব্যবস্থাসহ চাকুরী প্রদানের প্রচেষ্টা করে থাকে। বিভিন্ন রকম ক্যারিয়ার সেশন, জব ফেয়ার ও স্পট ইন্টারভিউয়ের মাধ্যমে সিভি তৈরী, ইন্টারভিউ প্রস্তুতি ও অন্যান্য সফ্‌ট স্কীল বৃদ্ধির ব্যবস্থাসহ এ অফিস বিদেশে উচ্চ শিক্ষার জন্য গমনেচ্ছুদের জন্য পরামর্শ ও সহযোগিতা প্রদান করে থাকে।

## মেডিকেল সেন্টার

বিইউবিটি এর মেডিকেল সেন্টারটি সকলের জন্য ও ক্লাস চলাকালীন সময়ের জন্য সিনিয়র মেডিকেল অফিসার ও নার্স/মেডিকেল এসিসটেন্ট এর মাধ্যমে জরুরী স্বাস্থ্যসেবা প্রদান করে আসছে। মেডিকেল সেন্টারটিতে স্বাস্থ্য সেবার পরিধি ও মান বৃদ্ধির জন্য উন্নত চিকিৎসা সরঞ্জামাদি স্থাপনের প্রক্রিয়া চলমান রয়েছে।

## স্টুডেন্ট এ্যাফেয়ার্স সংক্রান্ত তথ্যাবলী

**প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন**

ভর্তির সময় এসএসসি/সমমান, এইচএসসি/ডিপ্লোমা/সমমান, স্নাতক/সমমান (মাস্টার্স প্রোগ্রামের জন্য) এর প্রয়োজনীয় সার্টিফিকেট সমূহ ও জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদপত্র এর ফটোকপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। যদি কোন শিক্ষার্থী উক্ত কাগজপত্রসমূহ ভর্তির সময় জমা দিতে না তবে তাকে সর্বোচ্চ ৬ মাসের মধ্যে কাগজপত্রসমূহ (ফটোকপি) Admission Office এ জমা দিতে হবে।

**ডিপার্টমেন্ট/বিভাগ পরিবর্তন**

কোন শিক্ষার্থী ডিপার্টমেন্ট পরিবর্তন করতে চাইলে দরখাস্ত লিখে উভয় ডিপার্টমেন্টের চেয়ারম্যান এর সুপারিশ (Recommendation) নিয়ে উক্ত দরখাস্ত ভাইস চ্যান্সেলর মহোদয়ের অফিসে জমা দিতে হবে।

**কোর্স/সেমিস্টার প্রত্যাহার করণ (Course/Semester Withdrawal)**

কোন শিক্ষার্থী যদি এক বা একাধিক কোর্স/ সেমিস্টার প্রত্যাহার করতে চায় তবে তাকে অবশ্যই নির্দিষ্ট সময়ের পূর্বে (Academic Calendar অনুযায়ী) দরখাস্ত করে Withdrawal নিতে হবে।

**কোর্স/সেমিস্টার ফি প্রদানে বাধ্যবাদকতা** (Obligation of payment for Course/Semester Fee)**:** কোন শিক্ষার্থী যদি নির্দিষ্ট সময়ের পূর্বে কোর্স/সেমিস্টার প্রত্যাহার করতে ব্যর্থ হয় তবে তাকে অবশ্যই উক্ত কোর্স/সেমিস্টার এর সমূদয় ফি প্রদান করতে হবে।

**আইডি কার্ড সম্পর্কীয় তথ্যাবলী**

(১) নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি হওয়ার সময় Admission Office থেকে আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

(২) আইডি কার্ডে কোন ভুল থাকলে সংশোধনের জন্য Admission Office এ যোগাযোগ করে ঠিক করে নিতে হবে।

(৩) আইডি কার্ড ভেঙ্গে গেলে অথবা অস্পষ্ট হয়ে গেলে নষ্ট আইডি কার্ড সহ Admission Office এ যোগাযোগ করতে হবে।

(৪) আইডি কার্ড হারিয়ে গেলে থানায় General Dairy (GD) করতে হবে, এবং GD এর কপিসহ রিসেপশনে যোগাযোগ করতে হবে।

(৫) Credit Transfer, Admission বাতিল এর ক্ষেত্রে আইডি কার্ড Admission Office এ জমা দিতে হবে।

**প্রশংসা পত্র গ্রহণ**

শিক্ষা ভাতা সংক্রান্ত প্রশংসাপত্র এবং অধ্যয়নরত মর্মে প্রশংসাপত্র নেয়ার ক্ষেত্রে ছাত্র-ছাত্রীকে দরখাস্ত লিখে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে।

**রেজিস্ট্রেশন সম্পর্কীয় নিয়মাবলী**

(১) সেমিস্টার চলাকালে মিডটার্ম পরীক্ষার পর ফাইনাল পরীক্ষার পূর্বে (যা Academic Calendar এ উল্লেখ থাকবে) পরবর্তী সেমিস্টারের জন্য প্রি-রেজিস্ট্রেশন করতে হবে এবং পরবর্তী সেমিস্টারের ক্লাস শুরু হওয়ার পরপরই বা নোটিশ মোতাবেক নির্দিষ্ট পরিমান টাকা দিয়ে (যা Academic Calendar ও নোটিশ এ উল্লেখ থাকবে) রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হয়। উক্ত সময়ের পর রেজিস্ট্রেশন করতে হলে তাকে বিলম্ব ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা জরিমানা দিতে হবে।

(২) কোন শিক্ষার্থী পর পর ২টি সেমিস্টার প্রত্যাহার করার পর পরবর্তী সেমিস্টারে রেজিস্ট্রেশন করতে হলে তাকে দরখাস্ত করে অনুমতি নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

(৩) Dual Major এর ক্ষেত্রে একটি Major শেষ করার পর দরখাস্ত সহকারে পরবর্তী Major এর জন্য রেজিস্ট্রেশন করতে হবে।

**ক্লাস সম্পর্কীয় তথ্যাবলী**

(১) শিক্ষকদের কক্ষে প্রবেশের ক্ষেত্রে তাঁদের অনুমতি নিয়ে প্রবেশ করতে হবে।

(২) শ্রেণীকক্ষে প্রবেশ করার পূর্বে সঙ্গে থাকা মোবাইল ফোনের রিংটোন silent/mute রাখতে হবে।

(৩) প্রত্যেক শিক্ষার্থীকে পূর্বের ক্লাসে আলোচিত বিষয়ের উপর পড়াশোনা করে পরবর্তী ক্লাসে উপস্থিত হতে হবে। ক্লাস শুরু হবার কমপক্ষে ৫(পাঁচ) মিনিট পূর্বে শ্রেণীকক্ষে প্রবেশ করতে হবে।

(৪) শিক্ষকের অনুমতি ব্যতিরেকে বোর্ডে কিছু লেখা যাবেনা এবং মাল্টিমিডিয়া ব্যবহার করা যাবে না।

(৫) ক্লাস পারফরমেন্স উন্নয়নের জন্য পাঠদান বিষয়ের আলোচনায় নিয়মিত অংশ নিতে হবে।

(৬) ল্যাব ব্যবহারের ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম-কানুন মেনে চলতে হবে। ল্যাব এর মূল্যবান যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে বিশেষ যত্নবান হতে হবে। কারো বিরুদ্ধে ল্যাব এর শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ উত্থাপিত হলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হবে।

(৮) ৭০% ক্লাস উপস্থিতি না থাকলে কোন কোর্সের ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

**অন্যান্য তথ্যাবলী**

(১) সেমিস্টার শুরুর পর ক্লাস সিডিউল Website থেকে গ্রহণ করতে হবে।

(২) ওয়েবসাইট *annex.bubt.edu.bd* এ প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি একাউন্ট থাকবে যেখানে সে তার Registration থেকে শুরু করে Result পযর্ন্ত সমস্ত Information পেতে পারবে।

(৩) 1st Semester থেকে Last Semester পর্যন্ত সব Money Receipt, Course Outline, Admit Card এবং Result এর Web Copy সংরক্ষণ করে রাখতে হবে।

(৪) বিইউবিটি'র ওয়েবসাইট নিয়মিত ভিজিট করে আপডেটেড ইনফরমেশন সম্পর্কে অবগত থাকতে হবে।

(৫) Notice Board প্রতিদিনই চেক করতে হবে।

(৬) Payment Schedule সংক্রান্ত তথ্য Academic Calendar ও Website এ দেয়া হয় যা নোটিশ বোর্ডেও টানানো থাকে তা দেখে প্রতিটি Installment প্রদান করতে হবে।

(৭) Library Card করতে দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি সহ Library তে যোগাযোগ করতে হবে। লাইব্রেরী ব্যবহার করার ক্ষেত্রে নিয়ম মেনে লাইব্রেরী কার্ড এর মাধ্যমে বই ধার নেওয়া যাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কোন রকম ক্ষয়ক্ষতি ছাড়া বই ফেরৎ দিতে হবে।

## সেমিস্টার ব্যবস্থা, পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি
## (Semester System, Examination and Evaluation Process)

### সেমিস্টার ব্যবস্থা

বিইউবিটিতে পরীক্ষা ও মূল্যায়নের ক্ষেত্রে সেমিস্টার পদ্ধতি অনুসরণ করা হয়। বর্তমানে বিইউবিটিতে নিম্নলিখিত ৬ মাসের সেমিস্টার ব্যবস্থা চালু আছেঃ

| সেমিস্টারের নাম | মেয়াদ কাল |
|---|---|
| স্প্রিং (Spring) | জানুয়ারী - জুন |
| ফল (Fall) | জুলাই - ডিসেম্বর |

### পরীক্ষা

একজন শিক্ষার্থী স্বাভাবিক নিয়মে প্রতি সেমিস্টারে ৫(পাঁচ) বা ৬(ছয়)টি কোর্স অধ্যয়নের সুযোগ পায়। সেমিস্টার পদ্ধতিতে কোর্সগুলির পাঠদান এবং শিক্ষার্থীর মূল্যায়ন যুগপৎভাবে চলমান থাকে। প্রতিটি কোর্সের জন্য বরাদ্দ থাকে ১০০ নম্বর। প্রতিটি কোর্সে পাঠদানকারী ফ্যাকাল্টি (শিক্ষক/শিক্ষিকা) ৩টি মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে ১০০ নম্বরের মূল্যায়ন সম্পন্ন করে থাকেন।

### মূল্যায়ন পদ্ধতি

| মূল্যায়ন পদ্ধতি | বরাদ্দকৃত নম্বর |
|---|---|
| Continuous Assessment | ৩০% |
| Mid Term পরীক্ষা | ৩০% |
| Final পরীক্ষা | ৪০% |
| | মোট নম্বর: ১০০ |

### Continuous Assesement

Course পাঠদানকারী ফ্যাকাল্টি (শিক্ষক/শিক্ষিকা) পুরো সেমিস্টারব্যাপী পাঠদান কালে Continuous Assessment এর আওতায় নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করে থাকেন:

| Continuous Assesement | শতকরা নম্বর |
|---|---|
| উপস্থিতি | ৫% |
| Class Test 1 (Mid Term Exam এর পূর্বে) | ৭.৫% |
| Class Test 2 (Final Exam এর পূর্বে) | ৭.৫% |
| Assignment/Presentation/Lab/Project | ১০% |
| | Total: ৩০% |

**Class Attendance**

Continuous Assessment এর ক্ষেত্রে উপস্থিতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। কারণ Class Attendance এর মাধ্যমেই একজন শিক্ষার্থী তার শিক্ষা জীবনের প্রকৃত জ্ঞান আহরণ করার সুযোগ পায় এবং এ কারণে সেমিস্টার পদ্ধতিতে ন্যূনতম ৭০% Class Attendance অতীব জরুরী। Class Attendance এর ৫% নম্বর নিম্নলিখিতভাবে বরাদ্দ করা হয়েছেঃ

| Percentage of Attendance | Marks |
|---|---|
| 70-75 | 01 |
| 76-80 | 02 |
| 81-85 | 03 |
| 86-90 | 04 |
| 91-100 | 05 |

**Mid Term Examinations and Final Examinations**

(১) Mid Term Examination এবং Final Examination পরীক্ষা ২টি সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক অফিস এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়ে থাকে। প্রথম ৩ (তিন) মাসের মধ্যে Mid Term পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতি কোর্সের জন্য দেড় ঘন্টা ব্যাপী এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। Mid Term পরীক্ষা সমাপ্ত হওয়ার পর থেকে পরবর্তী ৩ মাসের মধ্যে Semester Final পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রতিটি কোর্সের জন্য ২ (দুই) ঘন্টা ব্যাপী Semester Final পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে।

(২) Mid Term পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর উত্তরপত্র গুলি সংশ্লিষ্ট Course Teacher কর্তৃক মূল্যায়ণের পর ক্লাসে শিক্ষার্থীদেরকে দেখানো হয় এবং পরীক্ষার ভুল বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়।

উল্লেখ্য যে, বিইউবিটিতে Mid Term Examination এবং Final Examination পরীক্ষাগুলো অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে অনুষ্ঠিত হয়। পরীক্ষাগুলোতে অসদুপায় অবলম্বনের কোন সুযোগ নেই। বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টিবৃন্দ (শিক্ষক/শিক্ষিকা) ছাড়াও প্রশাসনিক কাজে নিয়োজিত উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এই পরীক্ষাগুলো তত্ত্বাবধান করে থাকেন। সম্মানিত ভাইস চ্যান্সেলর মহোদয় নিজে অত্যন্ত আগ্রহ এবং গুরুত্বের সাথে পরীক্ষাগুলো মনিটরিং করে থাকেন।

(৩) Mid Term Examinations এবং Final Examinations পরীক্ষা সমাপ্ত হওয়ার পর এক সপ্তাহ বা আরও কম সময়ের মধ্যে সংশ্লিষ্ট পরীক্ষাগুলোর Supplementary পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে। প্রসঙ্গত: উল্লেখ্য যে, Supplementary পরীক্ষার যোগ্যতা অর্জনের ক্ষেত্রে অত্যন্ত কড়াকড়িভাবে শর্তারোপ করা হয়ে থাকে। এই পরীক্ষাটিতে অংশ গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে সাধারণত নিরুৎসাহিত করা হয়।

**Mid Term Examinations এবং Final Examinations পরীক্ষার শিক্ষার্থীদের অবশ্যই পালনীয় Code of Conduct**

(১) পরীক্ষার্থীগণ অবশ্যই ১০ (দশ) মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করবে এবং নির্ধারিত আসনে বসবে।

(২) পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে একমাত্র Admit Card, ID Card এবং Calculator নিয়ে প্রবেশ করতে পারবে। Programmable calculator বা অন্য কোন লিখিত বা মুদ্রিত কাগজপত্র সঙ্গে রাখতে পারবে না।

(৩) Mobile ফোন নিয়ে কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না। ভুলক্রমে Mobile Phone সঙ্গে এনে থাকলে বন্ধ করে পরীক্ষার হলে বড় টেবিলের উপর নিজ দায়িত্বে রাখতে হবে। কেহ Mobile Phone, Electronic device, Calculator, Programmable calculator বা অন্য কোন ডিভাইসের মাধ্যমে অসদুপায় অবলম্বন করলে উক্ত বস্তু বা ডিভাইস বাজেয়াপ্ত করা হবে।

(৪) কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে ঐ কোর্সটি বাতিল করা হবে। অসদুপায়ের মাত্রা অনুযায়ী ঐ কোর্স সহ উক্ত সেমিস্টারে গৃহীত তার সকল কোর্স বাতিল হতে পারে।

(৫) পরীক্ষা শুরু হওয়ার এক ঘণ্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থীকে Washroom এ যাওয়ার অনুমতি দেওয়া হবে না। বাইরে যাওয়ার অনুমতি প্রাপ্ত পরীক্ষার্থীকে ৫ (পাঁচ) মিনিটের মধ্যে পরীক্ষার হলে ফিরে আসতে হবে।

(৬) পরীক্ষার্থীগণ Washroom এ কোন বই, খাতা ইত্যাদি রাখতে পারবে না। এ ধরণের কোন বই বা কাগজপত্র পাওয়া গেলে তা বিনষ্ট করা হবে।

**Grade Point নির্ধারণ**

Continuous Assessment, Mid Term পরীক্ষা এবং Semester Final পরীক্ষা এ প্রাপ্ত নম্বরগুলির যোগফলের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট কোর্সের Letter Grade ও Grade Point প্রদান করা হয়। বিইউবিটিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত Grading System অনুসরণ করা হয়:

| প্রাপ্ত নম্বর | Letter Grade | Grade Point |
|---|---|---|
| ৮০% এবং এর উপরে | A+ | 4.00 |
| ৭৫% থেকে ৮০% এর নীচে | A | 3.75 |
| ৭০% থেকে ৭৫% এর নীচে | A- | 3.50 |
| ৬৫% থেকে ৭০% এর নীচে | B+ | 3.25 |
| ৬০% থেকে ৬৫% এর নীচে | B | 3.00 |
| ৫৫% থেকে ৬০% এর নীচে | B- | 2.75 |
| ৫০% থেকে ৫৫% এর নীচে | C+ | 2.50 |
| ৪৫% থেকে ৫০% এর নীচে | C | 2.25 |
| ৪০% থেকে ৪৫% এর নীচে | D | 2.00 |
| ৪০% এর নীচে | F | 0.00 |

- কোন শিক্ষার্থী কোন কোর্সে 'F' গ্রেড অর্জন করলে পরবর্তী সেমিস্টারে Course Offering এর ভিত্তিতে তাকে অবশ্যই ঐ কোর্সে রেজিস্ট্রেশন করে কোর্সটি পড়াশুনা করতে হবে। উক্ত কোর্সের সঙ্গে সে পরবর্তী সেমিস্টারের আরও কিছু কোর্স পড়াশুনা করতে পারবে।
- কোন শিক্ষার্থী কোন কোর্সের গ্রেড Improve করতে চাইলে উক্ত শিক্ষার্থীকে বিভাগীয় প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আবেদন করতে হবে। উক্ত আবেদনপত্র সংশ্লিষ্ট সেমিস্টারের ফল প্রকাশের ২ (দুই) সপ্তাহের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে পৌঁছাতে হবে।

**Viva-Voce**

BBA, LL.B (Hons), B.Sc (Hons) in Economics এবং B.A (Hons) in English প্রোগ্রামের শিক্ষার্থীগণ প্রতি শিক্ষাবর্ষ শেষে অর্থাৎ প্রতি ২ (দুই) সেমিস্টার পর একটি Viva Voce (মৌখিক) পরীক্ষা দিবে। এই পরীক্ষার নম্বর থাকবে ২৫। সমগ্র প্রোগ্রামে ৪টি Viva-Voce পরীক্ষার মোট নম্বর থাকবে ১০০। প্রতিটি Viva-Voce পরীক্ষার নম্বর বন্টন নিম্নরূপঃ

| বিষয় | নম্বর |
|---|---|
| 1) Course Contents of the Academic Year | 15 |
| 2) General Knowledge and Knowledge about Current Affairs | 5 |
| 3) Behavioral Pattern | 5 |
| Total: | 25 |

# শিক্ষার্থীদের জন্য ফি প্রদান সম্পর্কীয় নির্দেশনাবলী

বিইউবিটিতে শিক্ষার্থীদেরকে ফি প্রদান সম্পর্কীয় নিম্লোক্ত নির্দেশনা সমূহ অনুসরণ করতে হবেঃ

(১) প্রত্যেক সেমিস্টারের মিড-টার্মের পরে ও ফাইনালের আগেই পরবর্তী সেমিস্টারের কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

(২) কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (বা কর্তৃপক্ষ যে পরিমাণ নির্ধারণ করেন) প্রদান করে সেমিস্টারের রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে যা Academic Calendar এ উল্লেখ থাকবে। Academic Calendar, Website বা নোটিশ অনুযায়ী দেখে প্রতিটি Installment প্রদান করতে হবে। মিড-টার্মের আগে সর্বনিম্ন মোট ফি এর ৫০% এবং ফাইনালের আগে সমস্ত ফি প্রদান করতে হবে।

(৩) বেতন জমা রশিদে শিক্ষার্থীর নাম, আইডি নম্বর, ইনটেক নম্বর এবং প্রোগ্রাম সঠিক আছে কি-না তা যাচাই করে শিক্ষার্থীর স্বাক্ষর সহ উল্লিখিত ব্যাংকের শাখাসমুহে টাকা জমা দিয়ে রশিদের নিজস্ব অংশ সংগ্রহ এবং সংরক্ষণ করতে হবে। কারো হিসাবে কোন গরমিল পরিলক্ষিত হলে তাকে হিসাব শাখায় উক্ত সংরক্ষিত রশিদ প্রমাণ হিসেবে উপস্থাপন করতে হবে।

(৪) প্রতিটি কিস্তির ফি নির্ধারিত তারিখের মধ্যে (Academic Calendar ও নোটিশ অনুযায়ী) জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ফি জমা দিতে ব্যর্থ হলে বিলম্ব ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকা (অথবা কর্তৃপক্ষ যে পরিমাণ নির্ধারণ করেন) প্রদান করতে হবে, যা কোন অবস্থাতেই মওকুফ করা হবে না।

(৫) Semester Final পরীক্ষার পূর্বে শিক্ষার্থীকে অবশ্যই সকল পাওনাদি পরিশোধ করে Annex থেকে Admit card ডাউনলোড করতে হবে। কোন অবস্থাতেই Admit card ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

(৬) কোন শিক্ষার্থী Mid Term পরীক্ষার পর সেমিস্টার সম্পন্ন করতে না পারলেও উক্ত সেমিস্টারের সমুদয় ফি পরিশোধ করতে হবে।

(৭) কোন শিক্ষার্থী তার গ্রেডশীট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট এবং সার্টিফিকেট উত্তোলনের ক্ষেত্রে তার Annex এ গিয়ে Online এ Application করতে পারবে এবং প্রয়োজনীয় ফি Online এ Payment করলে প্রয়োজনীয় কার্যক্রম শুরু হবে। তার ইপ্সিত কাগজপত্র/সনদপত্র তৈরী হলে সে মোবাইলে মেসেজ পাবে এবং ক্যাম্পাসে এসে উক্ত সনদপত্র সংগ্রহ করতে পারবে।

(৮) কেবলমাত্র চূড়ান্ত ফলাফল প্রকাশের পর বা সার্টিফিকেট উত্তোলনপূর্বক আবেদনের মাধ্যমে নিরাপত্তা জামানত (Caution Money) উত্তোলন করতে পারবে, তবে এক্ষেত্রে সার্টিফিকেট এর ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে হিসাব শাখায় আবেদনপত্র জমা দিতে হবে।